

স্মারক নং- ০৫.৪৪.৫৭৪৭.০০০.১৮.০০১.২০২০- ৫০০

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২৭
০১ সেপ্টেম্বর ২০২১


নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক এস আর ও নং ৮৯-আইন/২০১৫ তারিখ-০৪ মে ২০১৫ এবং এস, আর ও নং ২৩২-আইন/২০১৭ তারিখ: ০৩ জুলাই ২০১৭ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী গাংনী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়নের (সংশ্লিষ্ট ওয়ার্ডের নাগরিককে অগ্রাধিকার দেয়া হবে) নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	ইউনিয়নের নাম	পদের নাম ও ওয়ার্ড নং	বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা	বেতন
০১	ষোলটাকা	গ্রাম পুলিশ ওয়ার্ড নং- ০৬	অনূর্ধ্ব ৩০ বছর	সরাসরি নিয়োগ	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সরকার কর্তৃক নির্ধারিত বেতন
০২	ধানখোলা	গ্রাম পুলিশ ওয়ার্ড নং- ০২	-ঐ-	-ঐ-	-ঐ-	-ঐ-
০৩	রায়পুর	গ্রাম পুলিশ ওয়ার্ড নং- ০৪	-ঐ-	-ঐ-	-ঐ-	-ঐ-

আবেদনের শর্তাবলীঃ

- ০১। সভাপতি, গ্রাম পুলিশ বাছাই কমিটি ও উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুরকে সম্বোধন করে দরখাস্ত করতে হবে। খামের উপর পদের নাম, ওয়ার্ড নম্বর ও নিজ ইউনিয়নের নাম লিখতে হবে।
- ০২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- ০৩। আবেদন পত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন সনদ যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূল কপি সংযুক্ত করতে হবে।
- ০৪। আবেদন পত্র আগামী ১৫/০৯/২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে।
- ০৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ আবেদনপত্র যে কোন ধরণের সুপারিশ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৬। আবেদনকারীর বয়স আগামী ১৫/০৯/২০২১ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।
- ০৭। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত যেমনঃ (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ১৫/০৯/২০২১ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) কোটার প্রার্থী হলে কোটার নাম ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ০৮। শারীরিক যোগ্যতাঃ পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ফুট, বুকের মাপ সর্বনিম্ন ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- ০৯। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে।
- ১০। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/গ্রহণ করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে বিবেচিত হবে।


(মৌসুমী খানাম)

উপজেলা নির্বাহী অফিসার
গাংনী, মেহেরপুর
ফোনঃ ০৭৯২২-৭৫০২৭।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/অবগতি ও বহুল প্রচারের জন্য)

- ১। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ২। পুলিশ সুপার, মেহেরপুর।
- ৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মেহেরপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।
- ৫। অফিসার ইনচার্জ, গাংনী থানা, গাংনী, মেহেরপুর।
- ৬। চেয়ারম্যান, ষোলটাকা/ধানখোলা/রায়পুর ইউপি। ইউনিয়নের সমস্ত ওয়ার্ড ও গুরুত্বপূর্ণ হাট বাজারে বহুল প্রচারের জন্য অনুরোধ করা